



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে ম্যাকসন্স স্পিনিং মিলস কর্তৃক বাস হস্তান্তর অনুষ্ঠান



বাংলাদেশের বিশিষ্ট শিল্প প্রতিষ্ঠান ম্যাকসন্স গ্রুপের ম্যাকসন্স স্পিনিং মিলস্ লিমিটেড পক্ষ থেকে উপহার স্বরূপ জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে একটি অত্যাধুনিক ত্রিশ আসন বিশিষ্ট TATA (এয়ার কন্ডিশন) বাস প্রদান করা হয়। এ উপলক্ষে ২৫ ফেব্রুয়ারি-২০১৮, রবিবার, বেলা ১২.৩০টায় বাসের হস্তান্তর অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ম্যাকসন্স স্পিনিং মিলস্ লিমিটেড-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ম্যাকসন্স স্পিনিং মিলস্ লিমিটেড-এর ম্যানেজিং ডিরেক্টর আলহাজ্ব মোহাম্মদ আলী খোকন উপস্থিত ছিলেন।



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী। এসময় ম্যাকসস্ স্পিনিং মিলস্ লিমিটেড-এর ডাইরেক্টর (ফাইন্যান্স) মোহা. ফেরদৌস কাওসার মাসুদ, ডাইরেক্টর মোহা. আমজাদ আলী বাদল, সানজিদ হাসান অমিত ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।